গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(রাজস্ব শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.৪৩.০০০১.২৫.৮৫৬

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ২০ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০১ জুন ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-২৬৪ নম্বর স্মারক, "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫ অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে মৌলভীবাজার জেলার প্রত্যেক পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে ভূমিসেবা সহায়তা কেন্দ্র পরিচালনায় আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তিদের ১৫/০৬/২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে নির্দেশিত ওয়েবপেজ (www.moulvibazar.gov.bd) হতে আবেদন ফর্ম ডাউনলোডপূর্বক যথাযথভাবে আবেদন ফর্ম পূরণ করে উল্লিখিত ই-মেইলে (rdcmoulvibazar@mopa.gov.bd) আবেদন দাখিলের জন্য বলা হলো। আবেদনে উল্লিখিত সকল কাগজপত্র স্ক্যান করে কপি সংযুক্তি আকারে (পিডিএফ ফরমেট) প্রেরণ করতে হবে। হার্ড কপিতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

<u>অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলী</u>

১. আবেদনকারীকে ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;
২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ-১ এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;
৩. এই নির্দেশিকার অধীন নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;
৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ (দুই) বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;
৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;
৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;
৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;
৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স আবশ্যিকভাবে থাকতে হবে;
৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;
১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;
১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীন নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;
১২. আবেদনকারীকে আবেদন ফরমে উল্লিখিত সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে;
১৩. একটি অনুমতিপত্র দ্বারা একটির অধিক এলএসএফসি পরিচালনা করা যাবে না;
১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারীকে জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক সকল উপজেলার জন্য ৫০,০০০ (পঞ্চাশ

হাজার) টাকা, পৌর এলাকার জন্য ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে এবং ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতিপত্র বাবদ সরকারি নির্ধারিত ফি সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদ পূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে।

১৭. বর্তমানে বিদ্যমান কোন ভূমিসেবা সহায়তা কেন্দ্রের পাশে নতুন কোন লাইসেন্স প্রদান করা হবেনা। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাঁচাই শেষে বাঁচাইকৃত প্রার্থীদের স্বাক্ষাতকার গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে এই বিজ্ঞপ্তি বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

(তৌহিদুজ্জামান পাভেল)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোন: ০২৪১১১০৪০২
ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.৪৩.০০০১.২৫.৮৫৬

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ২০ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, সিলেট
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা); বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার
৬. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), মৌলভীবাজার [ওয়েব পোর্টাল, নোটিশ বোর্ড ও ফেসবুক পেজে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার
৮. সহকারী কমিশনার (ভূমি), (সকল), মৌলভীবাজার [ওয়েব পোর্টাল, নোটিশ বোর্ড ও ফেসবুক পেজে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার [বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টাল ও ফেসবুক পেজে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য।
১০. অফিস কপি

(তৌহিদুজ্জামান পাভেল)
জেলা প্রশাসক